দৈনিক খবর

তারিখ 17 SEP 1989
পৃষ্ঠা ৩ কলাম ৭

৩২

25

# সরকার সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধঃ শিক্ষা প্রতিমন্ত্রী

শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী বলেছেন, রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদের নেতৃত্বে বর্তমান সরকার অন্ন, বস্ত্র, বাসস্থান ইত্যাদি মৌলিক সমস্যার সাথে সাথে এদেশে সার্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বর্তমান সরকারের সূচিত সকল উন্নয়নমূলক কাজে সকলকে অংশগ্রহণ করার আহবান জানিয়ে বলেন, দেশের নিরক্ষর জনগোষ্ঠীকে শিক্ষার আলো দানের লক্ষ্যে সকলকে নিষ্ঠা ও দেশ প্রেমের সাথে কাজ করে যেতে হবে। খবর তথ্যবিবরণীর।

তিনি গতকাল শনিবার ঢাকায় জাতীয় শিক্ষা প্রশাসন ও গবেষণা ইনষ্টিটিউট মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনষ্টিটিউট এবং বাংলাদেশ ইউনেস্কো কমিশনের যৌথ উদ্যোগে আয়োজিত 'বাংলাদেশের অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা' সম্পর্কিত গবেষণা বিষয়ক ৫-দিন ব্যাপী জাতীয় কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

এর আগে শিক্ষা প্রতিমন্ত্রী প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়নে ইউনিট অফিস আকস্মিক পরিদর্শনে যান। সেখানে তিনি কর্মকর্তা ও কর্মচারীদের কার্যাবলী ও প্রশাসনিক বিষয়াদি নিয়ে কর্মকর্তাদের সাথে আলোচনা করেন। তিনি অফিসের উপস্থিতিও পরীক্ষা করেন।